গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
প্রশাসন ১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mowca.gov.bd

নং-৩২.০০.০০০০.০১৮.০৬.০৭৭.১৫-৯৩ তারিখঃ ২৩ মাঘ ১৪২৪ / ০৫ ফেব্রুয়ারি ২০১৮

বিষয়ঃ তথ্যের গোপনীয়তা রক্ষা প্রসঙ্গে।

সূত্রঃ -০৪.০০.০০০০.৪১৬.৯৯.০০১.১৮-৮৩ তারিখঃ ২৪ জানুয়ারি ২০১৮খ্রিঃ/১১ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক ০৩ (তিন) পাতা।

(ফারজানা সুলতানা)
সিনিয়র সহকারী সচিব
☎৯৫৪০১০৬
ই-মেইল: mowcaadmnone@gmail.com

বিতরণঃ

১. অতিরিক্ত সচিব (প্রশাসন), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব (শিশু ও সমন্বয়), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৪. মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
৫. নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা, ঢাকা।
৬. যুগ্ম-সচিব (প্রশাসন/ মবিঅ/উন্নয়ন), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৭. পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমী, ঢাকা।
৮. উপ-সচিব (সকল)/উপ-প্রধান, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৯. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
১০. সচিবের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
১১. সিঃ সহঃ সচিব/সহঃ সচিব/সিঃ সহঃ প্রধান/সহঃ প্রধান (সকল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
১২. হিসাব রক্ষণ কর্মকর্তা/লাইব্রেরীয়ান, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
১৩. প্রোগ্রামার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
**সাধারণ অধিশাখা**
www.cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.৪১৬.৯৯.০০১.১৮.৮৩

তারিখ: ১১ মাঘ ১৪২৪ / ২৪ জানুয়ারি ২০১৮

বিষয়: **তথ্যের গোপনীয়তা রক্ষা প্রসঙ্গে।**

সূত্র: প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ১৯.১২.২০১৭ তারিখের ২৩.০১.৯০১.৮০০.০৩.০১৫.০১.১৯.১২.১৭ সংখ্যক স্মারক

উপর্যুক্ত বিষয়ে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর কর্তৃক প্রেরিত পত্রের ছায়ালিপি এতৎসঙ্গে প্রেরণ করা হল।

০২। এমতাবস্থায়, রাষ্ট্রীয় তথ্যের গোপনীয়তা ও নিরাপত্তা বজায় রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তিঃ বর্ণনামতে।

২৪-০১-১৮

মোঃ সাজ্জাদুল হাসান
উপসচিব
ফোন: ৯৫৪০৯৭১
general_sec@cabinet.gov.bd

০১। সিনিয়র সচিব

............................................................ মন্ত্রণালয়/বিভাগ

০২। সচিব/ভারপ্রাপ্ত সচিব

মহিলা ও শিশু বিষয়ক ........ মন্ত্রণালয়/বিভাগ

নম্বর: ০৪.০০.০০০০.৪১৬.৯৯.০০১.১৮.৮৩

তারিখ: ১১ মাঘ ১৪২৪ / ২৪ জানুয়ারি ২০১৮

অনুলিপি:

০১। প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা
০২। মহাপরিচালক, সদর দপ্তর, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাস
০৩। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

মোঃ সাজ্জাদুল হাসান
উপসচিব

| |
|---|
| ডায়েরী নং- তারিখ- |
| সহকারী সচিব (প্রশাসন-১/২/৩) |
| সিঃসঃপ্রঃ (প্লাউ) |
| হিসাব রক্ষণ কর্মকর্তা |
| প্রোগ্রাম |
| অন্যান্য |

গোপনীয়

সদর দপ্তর প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর
ঢাকা সেনানিবাস

তারালাপনীঃ ৮৮৭১৮০০ বর্ধিত

মন্ত্রিপরিষদ বিভাগ
মন্ত্রিপরিষদ সচিবের দপ্তর
☐ সর্বোচ্চ অগ্রাধিকার ☐ অতীব জরুরি ☐ জরুরি ☐ রুটিন
ডাইরি নং ১৬৭৫
তারিখ ২৮/১২/১৭
☐ সচিব, সমন্বয় ও সংস্কার ☐ উপস্থাপন করুন
☐ অতিরিক্ত সচিব ☐ নিষ্পত্তি করুন
☐ অতিরিক্ত সচিব (জেমাপ্র) ☐ আলোচনা করুন
☐ অতিরিক্ত সচিব (কমিটি) ☐ ব্যবস্থা নিন
☐ অতিরিক্ত সচিব (প্রশাসন/বিবি) ☐ প্রক্রিয়া করুন
☐ অতিরিক্ত সচিব (মসবি) ☐ নথিভুক্ত করুন
☐ একান্ত সচিব
☐
মন্ত্রিপরিষদ সচিবের স্বাক্ষর

২৩.০১.৯০১.৮০০.০৩.০১৫.০১.১৯.১২.১৭ — ৫ পৌষ ১৪২৪/ ১৯ ডিসেম্বর ২০১৭

**গোয়েন্দা তথ্য ফাঁস হওয়া প্রসংগে**

বরাতঃ

ক। মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, আধা-সরকারী পত্র নম্বর ০৪.০০.০০০০.৪১৬.৯৯.০০১.১৭.১৮১ তারিখ ১৫ মে ২০১৭।

১। প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর (ডিজিএফআই) একটি অত্যন্ত সংবেদনশীল ও গুরুত্বপূর্ণ সংস্থা, যা সশস্ত্র বাহিনীসহ অন্যান্য সংস্থা/প্রতিষ্ঠান এবং রাষ্ট্রীয় নিরাপত্তা বিষয়ক তথ্য-উপাত্ত দ্বারা গোয়েন্দা কার্যক্রম পরিচালনা করে থাকে। এ পরিপ্রেক্ষিতে অত্র সংস্থা কর্তৃক প্রেরিত যে কোন গোয়েন্দা তথ্যের গোপনীয়তা রক্ষাপূর্বক যথাযথ পদ্ধতি অনুসরণের মাধ্যমে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে বলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট অত্র সংস্থা প্রত্যাশা করে।

২। **বরাত ক** এর মাধ্যমে ইতঃমধ্যে আপনার আওতাধীন সকল মন্ত্রণালয়ে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করা হয়েছে মর্মে অত্র সংস্থা অবহিত হয়েছে। তথাপিও গত ০৮ নভেম্বর ২০১৭ তারিখে প্রথম আলোর অনলাইন ভার্সনে অত্র সংস্থা কর্তৃক সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবর প্রেরিত **"আগারগাঁও পাসপোর্ট অফিসে দুর্নীতি"** সংক্রান্ত একটি প্রতিবেদনের হুবহু তুলে ধরা হয়েছে **(সংযুক্তি-১)**। এছাড়া জনৈক মোঃ নাজিমুদ্দিন নামক এক সাংবাদিক কর্তৃক অত্র সংস্থার মহাপরিচালক বরাবর প্রেরিত একটি উড়োচিঠিতে **"আগারগাঁও পাসপোর্ট অফিসে দুর্নীতি ও দালালদের দৌরাত্ম্যঃ সাধারণ মানুষের ভোগান্তি"** শীর্ষক অত্র সংস্থার মূল প্রতিবেদন এবং মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের স্মারক পত্রটির ফটোকপি সংযুক্ত করা হয়েছে **(সংযুক্তি-২)**। এভাবে অত্র সংস্থার গোয়েন্দা প্রতিবেদন এবং প্রধানমন্ত্রীর অফিসের পত্র সমূহ প্রকাশ পাওয়ার বিষয়টি তথ্যের নিরাপত্তা বিবেচনায় অত্যন্ত উদ্বেগজনক ও আশংকার কারণ বলে অত্র সংস্থা মনে করে।

৩। এ প্রেক্ষিতে রাষ্ট্রীয় তথ্যের গোপনীয়তা ও নিরাপত্তার স্বার্থে সকল ধরণের তথ্যের যথাযথ গোপনীয়তা বজায় রাখা নিশ্চিত করার জন্য আপনাদের সদয় দৃষ্টি আকর্ষণ এবং এ ব্যাপারে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

অতিরিক্ত সচিব (প্রঃ ও বিধি অনুবিভাগ)
মন্ত্রিপরিষদ বিভাগ
অতিরিক্ত সচিব (বিওসে)
অতিরিক্ত সচিব (আইন)
যুগ্মসচিব (প্রঃ)
উপসচিব (পওবা)
ব্যক্তিগত কর্মকর্তা
ডায়েরী নম্বর ২০৮৭
তারিখঃ ২৮/১২/১৭
স্বাক্ষর

মন্ত্রিপরিষদ বিভাগ
প্রশাসন অধিশাখা
উপসচিব (সাধারণ)
উপসচিব (সাসে)
উপসচিব (সংস্থাপন)
উপসচিব (প্রঃ ও শৃঃ)
কাউন্সিল অফিসার
সস (কেঃ পঃ গ্রাঃ ও অডিঃ)
গোপনীয় কর্মকর্তা
ব্যক্তিগত কর্মকর্তা
তারিখ- ৩১.১২.১৭
ডাইরী নং- ৫৫৫
স্বাক্ষর

হামিদুল হক
ব্রিগেডিয়ার জেনারেল
পক্ষে মহাপরিচালক

বিতরণ ঃ

বহির্গমন ঃ

কার্যক্রম ঃ

**মন্ত্রী পরিষদ সচিব**
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

সাধারণ অধিশাখা
ডায়েরি নং ..০২..
তারিখঃ ০১/০১/১৮
☐ ................ তারিখের মধ্যে উপস্থাপন করুন
☐ আলোচনা করুন
☐ সংশ্লিষ্ট নথিতে রাখুন
☐ গার্ড ফাইলে রাখুন
☐ কার্যক্রম নাই

মোহাম্মদ শফিউল আলম
মন্ত্রিপরিষদ সচিব
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আধা-সরকারি পত্র নম্বর: ০৪.০০.০০০০.৪১৬.৯৯.০০১.১৭.১৮১

তারিখ: ০১ জ্যৈষ্ঠ ১৪২৪ / ১৫ মে ২০১৭

*প্রিয় সহকর্মী,*

আপনি নিশ্চয়ই অবগত আছেন যে ডাইরেক্টরেট জেনারেল অফ ফোর্সেস ইনটেলিজেন্স (ডিজিএফআই), জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা (এনএসআই)সহ অন্যান্য গোয়েন্দা সংস্থা রাষ্ট্রীয় নিরাপত্তা ও গোয়েন্দা কার্যে নিয়োজিত থেকে অত্যন্ত গোপনীয়তার সঙ্গে অর্পিত দায়িত্ব পালন করে থাকে। গোয়েন্দা সংস্থা কর্তৃক সরবরাহকৃত তথ্য দেশ পরিচালনায় নীতি-নির্ধারণী পর্যায়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এই সকল অতি গোপনীয় তথ্য সিলগালাকৃত খামে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করা হয় যাতে উক্তরূপ তথ্য যথাযথ কর্তৃপক্ষ ব্যতিরেকে অন্য কারও কাছে প্রকাশিত না হয়।

২। সম্প্রতি মহাপরিচালক, ডিজিএফআই কর্তৃক প্রেরিত আধা-সরকারি পত্র মারফত জানা যায় যে গোয়েন্দা সংস্থার তথ্যের গোপনীয়তা অনেক সময় রক্ষিত হচ্ছে না। কোনো কোনো ক্ষেত্রে সংশ্লিষ্ট গোয়েন্দা সংস্থার প্রতিবেদনের বরাতসূত্র উল্লেখ করা হয়, এমনকি উক্তরূপ প্রতিবেদনের ছায়ালিপিও কার্যার্থে সরবরাহ করা হয়-যা অনাকাঙ্খিত। এই ধরনের কাজের ফলে সরকারি বিভিন্ন সংস্থার সঙ্গে গোয়েন্দা সংস্থাসমূহের সম্পর্কের অবনতি ঘটছে এবং মাঠ পর্যায়ে গোয়েন্দা সংস্থাসমূহের কাজে বিঘ্ন সৃষ্টি হচ্ছে।

৩। এমতাবস্থায়, আপনার মন্ত্রণালয়/বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থায় উল্লিখিত বিষয়টির গুরুত্ব অনুধাবন করে যেকোনো গোয়েন্দা সংস্থার গোপনীয় প্রতিবেদন অত্যন্ত সতর্কতার সঙ্গে যথাযথ পদ্ধতি অনুসরণপূর্বক যথাযথ কার্যক্রম গ্রহণে আপনার ব্যক্তিগত উদ্যোগ প্রত্যাশা করছি।

*শ্রদ্ধা ও শুভেচ্ছান্তে*

আন্তরিকভাবে আপনার,

১৫.৫.১৭

(মোহাম্মদ শফিউল আলম)

সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব (সকল)

অনুলিপি:
মহাপরিচালক
ডাইরেক্টরেট জেনারেল অফ ফোর্সেস ইনটেলিজেন্স (ডিজিএফআই)
ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা